ইত্তেফাক

তারিখ ... 4।8।78 ... ...
পৃষ্ঠা ... 3 ... কলাম 2 ... ...

021 027

# একশত আসনে ৩২৮২ জন প্রার্থী

বগুড়া, ২রা আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)—বগুড়াস্থ মেডিক্যাল ইনষ্টিটিউটে মোট একশত আসনে ভর্তির জন্য তিন হাজার দুইশত ৮২টি দরখাস্ত পড়িয়াছে। প্রকাশ, ইনষ্টিটিউটের একশত আসনে দুই বৎসর মেয়াদী কোর্সে ভর্তির জন্য বগুড়া, রংপুর, দিনাজপুর, রাজশাহী ও টাঙ্গাইল জেলার ছাত্র-ছাত্রীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা হইলে মোট ৩২৮২ জন প্রার্থী আবেদন করে। প্রতিটি আবেদনপত্রের ফরম পাঁচ টাকা করিয়া বিক্রয় করায় মোট ১৬ হাজার ৪ শত ১০ টাকা আয় হয়।